# বাংলাদেশে এমা টেকনোহেভেন সিএলসি-এর শিক্ষা কার্যক্রম শুরু

লুসি ইসলাম

সম্প্রতি দেশে আরো একটি ISO মানসম্পন্ন কম্পিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠান চালু হয়েছে ঢাকায় অবস্থিত প্রতিষ্ঠানটির নাম এমা-টেকনোহেভেন কমপিউটার লার্নিং সেন্টার। ফিলিপাইনভিত্তিক এমা ও বাংলাদেশের অন্যতম সফটওয়্যার নির্মাতা কোম্পানি টেকনোহেভেনের যৌথ উদ্যোগে এ প্রতিষ্ঠানটি চালু হয়েছে। এ প্রতিষ্ঠান চালু হওয়া উপলক্ষে এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী শাহ্ এএমএস কিবরিয়া। তিনি তাঁর ভাষণে এ ধরনের উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, বর্তমান অর্থ বছরে এতদ্বিষয়ে এটি তার চতুর্থ উদ্বোধনী ঘটনা। তিনি তাঁর প্রত্যাশার কথা ব্যক্ত করতে গিয়ে বলেন, এতদিনে তিনি অন্ততঃ চল্লিশটি কমপিউটার শিক্ষা প্রতিষ্ঠান উদ্বোধন করতে পারবেন বলে আশা করেছিলেন। এ প্রেক্ষিতে তিনি বলেন যে, এ ধরনের অনুষ্ঠানে যখন তাঁকে আমন্ত্রণ জানানো হয়, তখন তিনি তা কখনো ফিরিয়ে দেন না, কারণ তিনি আন্তরিকভাবে মনে করেন তথ্য প্রযুক্তি ভিন্ন এ দেশের অর্থনীতির অগ্রগতি সম্ভব নয়। তিনি এডভান্সড কোর্সের উপর গুরুত্বারোপ করেন এবং আশা প্রকাশ করেন যে, এমা-টেকনোহেভেন সিএলসি তাঁর এ প্রত্যাশা পূরণ করবে। তথ্যের উন্মুক্ততা বিষয়ে ড. জামিলুর রেজা চৌধুরীর বক্তব্যের জবাব দিতে গিয়ে কিবরিয়া বলেন, প্রকৃতপক্ষে তথ্যের উপর কারো একচেটিয়াত্ব নেই এবং তা করা সম্ভবও নয়। এ প্রসঙ্গে তিনি বলেন, ইতোমধ্যেই জাতীয় বাজেটকে ইন্টারনেটে স্থাপন ও উন্মুক্ত করা হয়েছে এবং অচিরেই জাতীয় রাজস্ব বোর্ডের যাবতীয় শুল্ক ও ভ্যাটের তথ্যাদি ইন্টারনেটে তথা ওয়েবে স্থাপন করা হবে। ড. জামিলুর রেজা চৌধুরী প্রসঙ্গে তিনি বলেন, ড. চৌধুরী প্রতিনিয়ত সরকারকে কমপিউটারায়ন বিষয়ে চাপের মধ্যে রেখেছেন। এ প্রসঙ্গে তিনি উচ্চ পর্যায়ের সরকারি মহলে কমপিউটার ভীতিকে অনাগ্রহের কারণ হিসেবে চিহ্নিত করেন। তবে ক্রমান্বয়ে এ ভীতি কেটে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি কমপিউটার জগৎ-এর উপদেষ্টা ড. জামিলুর রেজা চৌধুরী তাঁর ভাষণে বলেন, তাঁর ধারণা বর্তমান সরকার তথ্য প্রযুক্তির যে অমিত সম্ভাবনা ও অন্তর্নিহিত শক্তি রয়েছে তা উপলব্ধি করতে সক্ষম হয়েছে। তবে তিনি দুঃখ করে বলেন, রাষ্ট্রীয় সেক্টর ও সংস্থাসমূহে প্রকৃত অর্থে কমপিউটারায়ন হচ্ছে না এবং এজন্য তিনি উচ্চ পর্যায়ের আমলা মহলকে দায়ী করে বলেন, তাঁরা নিজেদের নিয়ন্ত্রণকে পাকাপোক্তভাবে সংরক্ষণ করতে চায় বলে তথ্যকে উন্মুক্ত করতে চান না। তিনি বর্তমান সময়ে সমস্ত তথ্য e (ইলেক্ট্রনিক)তে যেমন e-mail, e-business, e-service ইত্যাদিতে রূপান্তরিত হয়ে যাচ্ছে উল্লেখ করে বলেন, এক্ষেত্রে আমরা এখনও তেমন অগ্রসর হতে পারিনি। তিনি সফটওয়্যার শিল্পের বিকাশের কথা উল্লেখ করে বলেন, এ প্রতিষ্ঠান বিশেষ ভূমিকা রাখবে বলে তাঁর বিশ্বাস।




*এমা টেকনোহেভেন সিএলসি-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হয়ে এসেছেন অর্থমন্ত্রী শাহ্ এএমএস কিবরিয়া (মাঝে)। মঞ্চে উপবিষ্ট রয়েছেন বিশেষ অতিথি ড. জামিলুর রেজা চৌধুরী (মন্ত্রীর বামে), সম্মানিত অতিথি বাংলাদেশে ফিলিপাইনের রাষ্ট্রদূত সি.বি. ঘুটক, এমা-এর নির্বাহী ভাইস-প্রেসিডেন্ট এম.এফ. আবাদ এবং টেকনোহেভেনের প্রেসিডেন্ট হাবিবুল্লাহ এন. করিম*

অনুষ্ঠানে উপস্থিত ফিলিপাইনের রাষ্ট্রদূত সি.বি. ঘুটক বলেন, এমা-টেকনোহেভেন সিএলসি এদেশে আন্তর্জাতিক স্বীকৃতিপ্রাপ্ত এমা সিস্টেম, কোর্স প্রোগ্রাম প্রশিক্ষণের অনন্য সুযোগ এনে দিয়েছে। তিনি বলেন, এমা ও টেকনোহেভেনের যৌথ উদ্যোগ ফিলিপাইন ও বাংলাদেশের বন্ধুত্বের বন্ধনকে আরো জোরদার করবে।

এমা এডুকেশন সিস্টেমের নির্বাহী ভাইস প্রেসিডেন্ট এম.এফ. আবাদ তাঁর ভাষণে বলেন, সমগ্র এশিয়ায় এমা-ই হচ্ছে প্রথম কমপিউটার কলেজ যা ১৯৭৯ সালে স্থাপিত হয়েছিল। বর্তমানে এমার ১৪০টি শিক্ষা কেন্দ্র চালু রয়েছে—এর মধ্যে ২৭টি উচ্চতর কমপিউটার ডিগ্রী প্রদান করছে। তিনি জোর দিয়ে বলেন, এমা টেকনোহেভেন সিএলসির পাঠ্যক্রম আন্তর্জাতিক মানের এবং এ কোর্স উত্তীর্ণ ছাত্ররা যথাযথ যোগ্যতা নিয়ে চাকরির বাজারে নিজেদের ঠাঁই করে নিতে পারবে।

স্বাগত ভাষণে টেকনোহেভেনের প্রেসিডেন্ট হাবিবুল্লাহ এন. করিম বলেন, এ দেশের তরুণরা এ প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে উৎপাদনশীল ও কার্যকরী দক্ষতা নিয়ে গড়ে ওঠার সুযোগ পাবে যা এদেশের সরকারি/বেসরকারি সংস্থাসমূহের চাহিদা পূরণ করতে সক্ষম হবে। জাতির চাহিদার সাথে সঙ্গতি রেখে এ প্রতিষ্ঠান তার কার্যক্রম চালিয়ে যাবে। এ প্রতিষ্ঠানে যে ক্যারিয়ার প্রোগ্রাম চালু করা হয়েছে তাকে ৪টি সেমিস্টারে ভাগ করা হয়েছে। দুটি সেমিস্টার অতিক্রম করলে ডিপ্লোমা-ইন ইনফরমেটিক্স এবং চারটি অতিক্রম করলে এডভান্সড ডিপ্লোমা ইন কমপিউটার সায়েন্স এন্ড প্রোগ্রামিং সনদপত্র প্রদান করা হবে। এ ছাড়াও কতিপয় সংক্ষিপ্ত কোর্স ও একই সঙ্গে চালু করা হয়েছে।

এখানে উল্লেখ্য যে, গত ৩০ জুলাই অত্র প্রতিষ্ঠানে প্রথম ব্যাচের ক্লাশ শুরু হয়েছে। এ উপলক্ষে প্রশিক্ষণার্থীদের একটি পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন এমা হোল্ডিংস-এর পরিচালক (টেকনিক্যাল সার্ভিসেস) ক্যানডিডো ক্যাস্ট্রো, কেন্দ্রের সমন্বয়কারী রফিকা বিনতে জাহেদ, একাডেমিক উপদেষ্টা অধ্যাপক কামরুল হাসান প্রমুখ। আগস্ট মাসে এই কেন্দ্রে দ্বিতীয় ব্যাচের ক্লাশ শুরু হওয়ার কথা রয়েছে। ■

আপনি কি
কমপিউটার
প্রোগ্রামার
হতে চান?

তাহলে, ভাল প্রশিক্ষকের প্রয়োজন। দীর্ঘ ৯ বছরের অভিজ্ঞ কমপিউটার প্রোগ্রামার যত্নসহকারে নিম্নলিখিত প্রোগ্রাম গুলো শিখাচ্ছেন। উন্নতমানের প্রশিক্ষণের জন্য যার সু-খ্যাতি রয়েছে দেশী-বিদেশী ছাত্র/ছাত্রীদের কাছে। প্রশিক্ষক :- মোঃ ছাইফ উদ্দিন খান (সিস্টেম এনালিস্ট)-এর নিকট প্রোগ্রামিং শিখুন।

- Visual FoxPro 6.0 (With Project)
- Visual Basic 6.0 (With Project)
- Oracle 7 & Developer 2000
- Windows 98 & MS-Office 2000

আমরা Visual FoxPro, Visual Basic এবং Oracle দ্বারা Software Develop করে থাকি।

**INSYTECH COMPUTERS** - *A Perfect & Trusted Name*
12, Lake Circus (Kalabagan) Dhanmondi, Dhaka-1205, Bangladesh, Phone : 9125949